

নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৩০.০০৮.১৭.৪৯

তারিখ: ২৮ বৈশাখ ১৪২৯

১১ মে ২০২২

প্রজ্ঞাপন

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন)  
-এর ধারা ৩২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনস্বার্থে ১৭ এপ্রিল ২০২২ হইতে পরবর্তী ০৬ (ছয়) মাসের  
জন্য শতভাগ রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পকে উক্ত আইনের ধারা ১০০, ১০২ এবং ১০৫ এর বিধানের প্রয়োগ হইতে নিম্নো  
ক্ত শর্তে অব্যাহতি প্রদান করিল:

শর্তাবলীঃ

- ১। বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর পঞ্চদশ অধ্যায়ের ২১৪ নম্বর বিধি অনুযায়ী কেন্দ্রীয় তহবিলে নির্দিষ্ট হারে  
অর্থ প্রদান করিতে হইবে;
- ২। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে;
- ৩। কোনো শ্রমিক দ্বারা তাহার সম্মতি ব্যতীত কোনো কার্যদিবসে অতিরিক্ত ০৪ (চার) ঘন্টার অধিক সময় কাজ  
করানো যাইবে না;
- ৪। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরীর দ্বিগুণ হারে মজুরী প্রদান করিতে হইবে;
- ৫। বিধি মোতাবেক সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে;
- ৬। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে;
- ৭। শ্রমিকদের স্বাস্থ্যবিধি মানিয়া কাজ করার বিষয়টি নিশ্চিত করিতে হইবে;
- ৮। প্রযোজ্য ক্ষেত্রে করোনা ভাইরাস ( কোভিড-১৯ ) সংক্রমণ সংশ্লিষ্ট বিষয়ে সময়ে সময়ে জারীকৃত সরকারি সিদ্ধান্ত  
/ নির্দেশাবলী পরিপালন করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১১-৫-২০২২

শাহানা জামান

উপসচিব

ফোন: ৯০১৪৮১৫

ফ্যাক্স: ৯৫৭৫৫৮৩

ইমেইল: section6@mole.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

- ১) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয় নগর, ঢাকা-১০০০।
- ২) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয় নগর, ঢাকা-১০০০
- ৩) উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [ প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশসহ গেজেটের ১৫ (পনের) কপি জনাব হুমায়ন কবির, ডি আর শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়- কে প্রদানের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ]।
- ৪) জনাব ফারুক হাসান, সভাপতি, বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ # ৭/৭এ, ব্লক # এইচ ১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা-১২৩০ ই মেইল: [info@bgmea.com.bd](mailto:info@bgmea.com.bd), [rafiq.islam@bgmea.com.bd](mailto:rafiq.islam@bgmea.com.bd)
- ৫) জনাব হুমায়ন কবির, ডি. আর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় [প্রকাশিত গেজেটের ১৫ (পনের) কপি উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা হইতে সংগ্রহপূর্বক এ মন্ত্রণালয়ের মজুরী বোর্ড শাখার প্রশাসনিক কর্মকর্তাকে প্রদানের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।